

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১৪৯২

আগরতলা, ৫ অক্টোবর, ২০২৪

**উনকোটি জেলার ভারত-বাংলাদেশ সীমান্তে
জনসাধারণের চলাচলে বিধিনিষেধ**

উনকোটি জেলার ভারত-বাংলাদেশ সীমান্তের ৩ কিলোমিটার এলাকায় শান্তি-শৃঙ্খলা রক্ষায় উনকোটি জেলার জেলাশাসক ভারতীয় নাগরিক সুরক্ষা সংহিতা ২০২৩ এর ১৬৩ ধারায় জনসাধারণের চলাচলে কিছু বিধিনিষেধ আরোপ করেছেন। এই বিধিনিষেধ ১ অক্টোবর, ২০২৪ থেকে কার্যকর হয়েছে এবং ৩১ ডিসেম্বর, ২০২৪ পর্যন্ত বলবৎ থাকবে। উল্লেখিত সময়ে প্রতিদিন সন্ধ্যা ৬টা থেকে পরদিন সকাল ৬টা পর্যন্ত এই আদেশ কার্যকর হবে।

আদেশে আরও বলা হয়েছে উনকোটি জেলার ভারত-বাংলাদেশ সীমান্তের ৩ কিলোমিটার এলাকায় ঐ সময়ে ৫ জনের বেশী ব্যক্তি সমবেত হতে পারবেননা। কোন ধরণের অন্ত্র যেমন লাঠি, তীরধনুক, ধারালো বাঁশ, সাইকেলের চেইন, লোহার রড, ছুরি, আগ্নেয়ান্ত্র এবং বিস্ফোরক কেউ বহন করতে পারবেননা। আদেশে জানানো হয়েছে পুলিশ, সীমান্ত সুরক্ষা বাহিনী (বিএসএফ), ত্রিপুরা স্টেট রাইফেল (টিএসআর), আসাম রাইফেলস (এআর), এবং অন্যান্য আইন প্রণয়নকারী সংস্থার ক্ষেত্রে, জেলা প্রশাসন, পুলিশ, বিএসএফ এবং অন্যান্য আইন প্রণয়নকারী সংস্থার বৈধ অনুমতিপত্র প্রাপ্ত ব্যক্তির ক্ষেত্রে এই বিধিনিষেধে ছাড় রয়েছে। জরুরী চিকিৎসার প্রয়োজনে রোগীর সঙ্গে থাকা ব্যক্তির ক্ষেত্রে, জীবনদায়ী ঔষধ কেনার ক্ষেত্রে, দুর্গাপূজার সময়ে পূজা প্যান্ডেল এলাকায় চলাচলের ক্ষেত্রে বিধিনিষেধে ছাড় রয়েছে। জেলাশাসক আদেশে জানিয়েছেন আদেশ অমান্যকারীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
